রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ২, ২০০৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

জাতীয় রাজস্ব বোর্ড

[মূল্য সংযোজন কর]

## প্রজ্ঞাপন

তারিখ, ১৫ ভাদ্র ১৪১১/৩০ আগস্ট ২০০৪

এস, আর, ও নং ২৬০ আইন/২০০৪/৪৩১-মূসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ৭২, ধারা ৬ এর উপ-ধারা (৪) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, বাণিজ্যিক আমদানিকারক কর্তৃক আমদানিকৃত পণ্যের উপর, পণ্যের বিনিময়ে বা হস্তান্তরের ক্ষেত্রে, আরোপনীয় মূল্য সংযোজন কর অগ্রিম পরিশোধের উদ্দেশ্যে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ।— (১) এই বিধিমালা আমদানিকৃত পণ্যের উপর, পণ্যের বিনিময়ে বিক্রয় বা হস্তান্তরের ক্ষেত্রে, আরোপনীয় মূল্য সংযোজন কর (অগ্রিম পরিশোধ) বিধিমালা, ২০০৪ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা ১লা সেপ্টেম্বর, ২০০৪ ইং তারিখে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায় —

(ক) "আইন" অর্থ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) ;

(খ) "বাণিজ্যিক আমদানিকারক" অর্থ আইনের ধারা ২ এর দফা (থথ) এ বর্ণিত বাণিজ্যিক আমদানিকারক ;

(গ) "বিল অব এন্ট্রি" অর্থ Customs Act, 1969 (IV of 1969) এর section 79 এ বর্ণিত "bill of entry";



মূল্য ঃ টাকা ১.০০

(ঘ) "মূসক" অর্থ আইনের ধারা ৩ এ বর্ণিত মূল্য সংযোজন কর ;

(ঙ) "মূসক কর্মকর্তা" অর্থ আইনের ধারা ২০ এর অধীন নিযুক্ত কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা।

৩। **মূসক পরিশোধ পদ্ধতি।**—বাণিজ্যিক আমদানিকারক আমদানিকৃত পণ্যের উপর, পণ্যের বিনিময়ে বিক্রয় বা অন্যবিধভাবে হস্তান্তরের ক্ষেত্রে, প্রদেয় মূসক বিধি ৬ এর বিধান অনুসারে আমদানি শুল্ক স্টেশনে অগ্রিম পরিশোধ করিবেন।

৪। **মূসক কর্মকর্তাকে দায়িত্ব প্রদান।**— এই বিধিমালার অধীন প্রদেয় মূসক আদায়ের উদ্দেশ্যে কমিশনার, কাস্টমস্ হাউজ ও কমিশনার, মূসক তাঁহার আওতাধীন অধিক্ষেত্রে কর্মরত মূসক কর্মকর্তাগণের মধ্য হইতে কোন কর্মকর্তাকে দায়িত্ব প্রদানসহ প্রয়োজনীয় নির্দেশনা দিতে পারিবেন।

৫। **মূসক নিরূপণ।**— (১) বাণিজ্যিক আমাদানিকারক কর্তৃক আমাদনিকৃত পণ্যের উপর, পণ্যের বিনিময়ে বিক্রয় বা অন্যবিধভাবে হস্তান্তরের ক্ষেত্রে, আরোপনীয় মূসক উপ-বিধি (২) এ বর্ণিত হারে নিরূপিত হইবে।

(২) বাণিজ্যিক আমদানিকারক পণ্য আমদানির সময় শুল্ক স্টেশনে দাখিলকৃত বিল অব এন্ট্রিতে শুল্ক কর্মকর্তা কর্তৃক পণ্যের অনুমোদিত শুল্কায়নযোগ্য মূল্য (Assessable Value) এর সহিত আমদানি শুল্ক, সম্পূরক শুল্ক, যদি থাকে ও উন্নয়ন সারচার্জ, যদি থাকে, গণনা করিয়া উহার সহিত ১০(দশ) শতাংশ মূল্য সংযোজনপূর্বক সর্বমোট মূল্যের উপর ১.৫ (দেড়) শতাংশ মূসক অগ্রিম পরিশোধ করিবেন।

৬। **মূসক পরিশোধ পদ্ধতি।**— বিধি ৫ এর উপ-বিধি (২) এর অধীন নিরূপিত মূসক আমদানি শুল্ক স্টেশনে আমদানিকৃত পণ্য চালানের বিল অব এন্ট্রি শুল্কায়ন সমাপ্ত হওয়ার পর চালান খালাসের অনুমোদন প্রদানের পূর্বে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক, সময়ে সময়ে, জারীকৃত সাধারণ আদেশ দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পরিশোধ করিতে হইবে।

৭। **অপরাধ ও দন্ড।**— কোন ব্যক্তি এই বিধিমালায় কোন বিধান লঙ্ঘন করিলে, উক্ত লঙ্ঘন হইবে একটি অপরাধ এবং তজ্জন্য তিনি আইনের বিধান অনুসারে দন্ডনীয় হইবেন।

৮। **অসুবিধা দূরীকরণ।**— এই বিধিমালার বিধানাবলী কার্যকর করিবার ক্ষেত্রে অস্পষ্টতার কারণে কোন অসুবিধা দেখা দিলে জাতীয় রাজস্ব বোর্ড উক্ত অসুবিধা দূরীকরণার্থে, সরকারী গেজেটে প্রকাশিত আদেশ দ্বারা, প্রয়োজনীয় যে কোন ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ আব্দুল কাফী**
প্রথম সচিব [মূসক-নীতি ও বাজেট]

মোহাম্মদ আলমগীর হোসেন, উপ-নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।